

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং:সেকায়েপ/অ্যাকসেস/এসএমএ/ওয়ার্কশপ/৩২/২০১২/(অংশ-১)/৬২৪৮

তারিখ : ২১ এপ্রিল ২০১৫।

বিষয়: সেকায়েপ প্রকল্পভুক্ত প্রতিটি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক নিরীক্ষা ও ইএসিএম-এর বরাদ্দ প্রেরণের জন্য পিটিএ'র যোগ্যতার মাপকাঠি ও বাছাই প্রক্রিয়া অবহিতকরণ।

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর অন্যতম একটি গুরুত্বপূর্ণ সাব-কম্পোনেন্ট হচ্ছে 'বিদ্যালয় ব্যবস্থাপনা ও জবাবদিহিতা'। এই সাব-কম্পোনেন্ট-এর আওতায় মার্চ পর্যায়ে সেকায়েপ প্রতিষ্ঠানসমূহে প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) গঠিত হয়েছে। পিটিএ বিভিন্ন জনসচেতনামূলক কার্যক্রমসহ সামাজিক নিরীক্ষা পরিচালনা করবে। এসব কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছর পিটিএ'র অনুকূলে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা করে মোট ১০,০০০.০০ (দশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়। এই অনুদান দেয়া হয় বছরে সমান দুটি কিস্তিতে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী পিটিএ বছরে ৬ (ছয়) টি সভার আয়োজন করবে।

সামাজিক নিরীক্ষা ও ইএসিএম অনুদান বাস্তবায়ন ম্যানুয়েল অনুযায়ী প্রতি কিস্তির অনুদান অর্থ পেতে প্রতিষ্ঠানগুলিকে নিম্নলিখিত শর্ত পূরণ করতে হবে:

- পিটিএ গঠন সম্পন্ন এবং কমপক্ষে কমিটির ২টি সভার রেজুলেশনের কপি;
- পিটিএকে অনুদান প্রদানের জন্য এসএমসি সভাপতির সুপারিশ প্রেরণ করতে হবে;
- স্থানীয় অগ্রণী ব্যাংকে পিটিএ সভাপতি এবং সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত ব্যাংক হিসাব থাকতে হবে। যদি কোন উপজেলায় অগ্রণী ব্যাংক শাখা না থাকে সেক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলার অগ্রণী ব্যাংকে পিটিএ ব্যাংক হিসাব খোলা যেতে পারে;
- প্রতিটি প্রতিষ্ঠানকে প্রত্যেক বছর মার্চ মাসের মধ্যে পিটিএ সদস্যদের তালিকা হালনাগাদ করে সেকায়েপে পাঠাতে হবে;
- প্রকল্প কর্তৃক সরবরাহকৃত ছক পূরণ করে সামাজিক উদ্বুদ্ধকরণ/অভিভাবক সমাবেশ কার্যক্রমের বিবরণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা;
- সামাজিক নিরীক্ষার ও ইএসিএম কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে পেশ করতে হবে;
- সেকায়েপ কর্তৃক সরবরাহকৃত ছকে সামাজিক নিরীক্ষার বার্ষিক কর্ম-পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করা;

এমতাবস্থায়, তাঁর উপজেলার প্রতিষ্ঠানগুলিকে ২০১৪-১৫ অর্থ বছরের সামাজিক নিরীক্ষা ও ইএসিএম-এর ১ম কিস্তির অনুদান বাবদ যথাক্রমে ২৫০০/ টাকা ও ২৫০০/ টাকা প্রাপ্তির জন্য উল্লিখিত শর্তগুলি পূরণ করতে হবে। উল্লিখিত শর্ত পূরণের কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে সংগ্রহ করে আগামী ৩০ এপ্রিল ২০১৫-এর মধ্যে সেকায়েপ কার্যালয়ে পাঠানোর জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাঁর উপজেলার প্রতিষ্ঠানসমূহে এই অনুদান অর্থ ছাড় করা হবে না।।

ড. মো: মাহামুদ-উল-হক  
প্রকল্প পরিচালক  
সেকায়েপ  
ফোন-০২-৯৫৫৫১৩৭।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা..... ,

জেলা.....।